গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল ৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

**বিষয় : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কর্যবিবরণী।**

সভাপতি : মো: আব্দুল কাইউম সরকার
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ২৮ জুন, ২০২১ খ্রি:

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নতুন সম্মেলন কক্ষ (ট্রেনিং রুম)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন, উপসচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও ২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি এবং শুদ্ধাচার সম্পর্কিত চলমান কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনা ২০২০-২১ এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ। | সভাপতি শুদ্ধাচার কার্যক্রমের সাথে সম্পর্কিত সকল দপ্তরে কর্মরত কর্মকর্তাদের ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে কালক্ষেপণ না করার জন্য অনুরোধ করেন। তিনি আগামী ৩০-০৬-২০২১ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সকল দপ্তরের কার্যক্রমের প্রমাণকসমূহ দাখিলের নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩০-০৬-২০২১ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সকল দপ্তরের শুদ্ধাচার সম্পর্কিত কার্যক্রমের প্রমাণকসমূহ দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ২. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা কার্যালয়ে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও Zoom মিটিং আয়োজন। | সভাপতি মাঠ পর্যায়ের কার্যালয়ের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে দেশের সকল জেলার নিরাপদ খাদ্য অফিসারদের প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সেই সাথে সকলের সাথে একটি Zoom মিটিং আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে দেশের সকল জেলার নিরাপদ খাদ্য অফিসারদের প্রেরণ এবং তাদের সাথে একটি Zoom মিটিং আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ৩ | শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ। | সভাপতি শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ কার্যক্রম আগামী ৩০ জুন, ২০২১ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোকপাত করে বলেন যদিও বিএফএসএ তুলনামূলকভাবে একটি নতুন প্রতিষ্ঠান তবুও ইতোমধ্যে প্রতি শাখায় কিছু ''ঘ'' শ্রেণির বিনষ্টযোগ্য নথি রয়েছে। তিনি সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে অতিদ্রুত শ্রেণিবিন্যাসকৃত ''ঘ'' শ্রেণির নথি সংগ্রহ ও তালিকাভুক্ত করে পরিচালক (প্রশাসন) শাখায় কর্মরত | প্রতি শাখা থেকে কিছু বিনষ্টযোগ্য ''ঘ'' শ্রেণির নথি সংগ্রহ ও তালিকাভুক্ত করে পরিচালক (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে বিনষ্টকরণ প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসারকে বিনষ্টকরণ প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৪ | জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়ন | সভাপতি দায়িত্বপ্রাপ্ত কমিটিকে জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র দ্রুত প্রণয়নের বিষয়ে নির্দেশনা প্রদান করে বলেন এটি একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। তিনি সঠিক সময়ের মধ্যে প্রশিক্ষণ কৌশলপত্র তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে নির্দেশনার প্রদান করেন। | আগামী ২৫-০৬-২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়ন করে ৩০-০৬-২০২১ খ্রি: তারিখের মধ্যে কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়। | জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়ন কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আজকের সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী যখন যে কাজ করণীয় তা সঠিক সময়ে সম্পন্ন করার জন্য আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৬/২০২১

(মো: আব্দুল কাইউম সরকার)
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৫০১.০৫.০০৫.২০ - ১১২

তারিখ : ২৮ জুন, ২০২১ খ্রি.

**বিতরণ:**

০১। জনাব মোঃ রেজাউল করিম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০২। জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৩। জনাব প্রফেসর ড. মো: আব্দুল আলীম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৪। জনাব আব্দুন নাসের খান, সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৫। জনাব আবু সাঈদ মো: নোমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৬ মুহম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক, (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৭। ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৮। জনাব আবদুর রহমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৯। সহকারী পরিচালক, (প্রশাসন), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইট এ আপলোড এর জন্য)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃ.আ. যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ)]
২। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/৬/২০২১

(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব